গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা।
www.lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.৮৪০০০.০০০.০০০.০৭.০১৪.২৬-৯৪৮ তারিখঃ ০৮/০৭/২০২৬ খ্রিঃ।

বিজ্ঞপ্তি নং-০২/২০২৬-২০২৭ইং

**সীমিত দরপত্র পদ্ধতি (LTM) -তে ক্রয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থবৎসরে ক্রয়কারী কর্তৃক যোগ্যতাসম্পন্ন ঠিকাদার তালিকাভুক্তিকরণ ও নবায়ন বিজ্ঞপ্তি'**

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ৬৮ অনুযায়ী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় বান্দরবান জেলার নির্বাহী প্রকৌশলীর দপ্তরে সীমিত দরপত্র ক্রয় পদ্ধতি (LTM)-তে ক্রয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থবৎসরে ক্রয়কারী কর্তৃক যোগ্যতাসম্পন্ন ঠিকাদার তালিকাভুক্তিকরণ ও নবায়ন করা হবে।

**শর্ত অনুস্মরণীয়**

১। সীমিত দরপত্র পদ্ধতির অধীন ক্রয়কার্যে অংশগ্রহণে ঠিকাদার তালিকাভুক্তিকরণের লক্ষ্যে আগ্রহী ঠিকাদারগণকে তাঁদের যোগ্যতার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিলের জন্য নমুনা আবেদন ফরম নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর হতে সরবরাহের শেষ সময় ৩১ আগষ্ট ২০২৬ পর্যন্ত এবং দাখিলের শেষ সময় ৩০ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত।

২। তালিকাভুক্তি ফি কোড নম্বর: ১৪২২২০২ এবং নবায়ন ফি কোড নম্বর: ১৪২২৩৩৫-এ ট্রেজারী 'এ-চালান' এর মাধ্যমে জমা প্রদান করে জমাকৃত চালানের মূল কপি লাইসেন্স বহির সহিত নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে।

৩। ঠিকাদার নির্ধারিত ফি, প্রযোজ্য ক্ষেত্রে বিলম্ব ফি ও সমস্ত ফি-এর উপর জাতীয় রাজস্ব বোর্ডের নিয়মানুযায়ী ভ্যাট কোড নম্বর: ১১৪১১০১-এ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করবেন। তালিকাভূক্তি এবং নবায়নের আবেদনের সাথে উক্ত ট্রেজারী চালানের কপি সংযুক্ত করতে হবে।

৪। ২০২৬-২০২৭ অর্থ বৎসরের হালনাগাদ ট্রেড লাইসেন্স নবায়ন থাকতে হবে।

৫। ভ্যাট রেজিষ্ট্রেশন (১৩ ডিজিট নম্বর সম্বলিত) এর সনদপত্রের কপি থাকতে হবে।

৬। আয়কর হালনাগাদ থাকতে হবে।

৭। লাইসেন্স নবায়ন ব্যতীত ২০২৬-২০২৭ অর্থ বৎসরে সীমিত দরপত্র ক্রয় পদ্ধতি (LTM)-তে কোন দরপত্রে অংশগ্রহন করা যাবে না।

৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ৬৮ (৩) (ঘ) এর আলোকে তালিকাভূক্তি এবং নবায়ন ফি নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো।

- শ্রেণীভিত্তিক তালিকাভূক্তি ফি-৫,০০০ (পাঁচ হাজার) টাকা;
- শ্রেণীভিত্তিক নবায়ন ফি-২,০০০ (দুই হাজার) টাকা;

তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে

- শ্রেণীভিত্তিক তালিকাভূক্তি ফি-৩,০০০ (তিন হাজার) টাকা;
- শ্রেণীভিত্তিক নবায়ন ফি-১,৫০০ (এক হাজার পাঁচশত) টাকা;

জরিমানা প্রদান ব্যতীত নবায়নের শেষ সময় ৩১ ডিসেম্বর'২০২৬ পর্যন্ত। এর পর নবায়নের আবেদনের ক্ষেত্রে ১,০০০ (এক হাজার) টাকা বিলম্ব ফি হিসেবে প্রদান করতে হবে। উল্লেখ্য, কোন একটি অর্থবৎসরে নবায়ন করা না হলে পরের অর্থবৎসরে নবায়নের ক্ষেত্রে ২,০০০ (দুই হাজার) টাকা বিলম্ব ফি হিসেবে প্রদান করতে হবে। পরপর দুই অর্থ বৎসরে নবায়ন করা না হলে পরবর্তীতে নতুনভাবে তালিকাভূক্তির আবেদন করতে হবে।

তালিকাভূক্তি/নবায়নকৃত ঠিকাদারগণ শুধুমাত্র বান্দরবান জেলার এলজিইডি'র আওতাধীন সীমিত দরপত্র পদ্ধতিতে আহ্বানকৃত দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।

৮/৭/২৬
(প্রতিপদ দেওয়ান)
নির্বাহী প্রকৌশলী
এলজিইডি,বান্দরবান।
xen.bandarban@lged.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. প্রধান প্রকৌশলী, এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম বিভাগ, ১০১২, সিডিএ, এ্যাভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী(প্রশাসন), এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, রাঙ্গামাটি অঞ্চল, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫. জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
৬. নির্বাহী প্রকৌশলী(প্রকিউরমেন্ট), এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৭. প্রশাসক, বান্দরবান পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা।
৮. নির্বাহী প্রকৌশলী, বান্দরবান জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।
৯. উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, বান্দরবান পার্বত্য জেলা।
১০. ঠিকাদার ----------------------------------------------------(সকল)।
১১. সম্পাদক, দৈনিক বায়োজিদ/দৈনিক কর্ণফুলী, চট্টগ্রাম। ০৯/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে আপনার পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১২. নোটিশ বোর্ড।